অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল উদ্বাস্তুদের চাকরি খুঁজতে ও ধরে রাখতে সাহায্য করার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

তহবিল সম্প্রতি পুনর্বাসিত হওয়া উদ্বাস্তুদেরকে নিউ ইয়র্ক স্টেটে জীবন শুরুর ক্রান্তিকালে সহায়তা করবে

গত বছর নিউ ইয়র্ক স্টেটে প্রায় 4,200 উদ্বাস্তুর পুনর্বাসন করা হয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে উদ্বাস্তুদের নিউ ইয়র্কে নিজেদের নতুন বাড়িতে মানিয়ে নেওয়ার সময় চাকরি পেতে সাহায্য করে এমন 17টি সম্প্রদায়ভিত্তিক সংগঠনকে 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে উদ্বাস্তুদের সফলভাবে পুনর্বাসন করার ক্ষেত্রে স্টেটের প্রয়াসের একটি মৌলিক অংশ হয়ে আছে ফেডারেল উদ্বাস্তু পুনর্বাসন অফিসের (Office of Refugee Resettlement) অর্থায়িত উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচি (Refugee Support Services Program, RSSP)।

"সহিংসতার দ্বারা স্থানচ্যুত হওয়া বা নিপীড়ন থেকে পালিয়ে আসা ব্যক্তিদের সাদরে বরণ করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটের গর্বিত ইতিহাস রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগসমূহ উদ্বাস্তু সম্প্রদায়সমূহকে উত্থিত করবে, এবং এগুলি আমাদের স্টেটে তারা যেই সম্ভাবনা ও প্রতিজ্ঞা নিয়ে আসে তার প্রতি আমাদের অবিচল প্রতিশ্রুতির প্রতিনিধি।"

উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচিটির প্রদত্ত সেবার মধ্যে রয়েছে সামাজিক ও সাংস্কৃতিক সামঞ্জস্য, চাকরি খোঁজার দক্ষতা, কাজের অভিজ্ঞতা, এবং ইংরেজিতে দক্ষতার মতো চাকরি পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সমাধান করা। এছাড়াও চাকরি অব্যাহত রাখা এবং অগ্রগতির সুযোগ বৃদ্ধি করার জন্যও ক্রান্তিকালীন সেবা প্রদান করা হয়।

নিউ ইয়র্ক সত্যি উদ্বাস্তুদের সহায়তা করার কর্মসূচি ও সেবা বাস্তবায়ন করা অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) উদ্বাস্তু সেবা ব্যুরোর (Refugee Services bureau) দায়িত্ব। উদ্বাস্তু ও তাদের পরিবারকে সাহায্য করা এবং একই সাথে অনুরূপ অভিবাসন দশা সম্পন্ন অন্যদের অর্থনৈতিক এবং সামাজিক স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সাহায্য করা স্থানীয় সত্তাসমূহকে ফেডারেল সংস্থান প্রদান করা হয়।

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "বিদেশে নিপীড়ন, সহিংসতা, এবং অসহিষ্ণুতা থেকে পালিয়ে আসা মানুষকে গ্রহণ ও সাহায্য করার ব্যাপারে আমাদের ইচ্ছার দ্বারা নিউ ইয়র্কের ঐতিহ্য ব্যাপকভাবে প্রভাবিত হয়েছে। এই সপ্তাহে আমরা বিশ্ব উদ্বাস্তু দিবস পালন করছি, তাই এই ব্যক্তি ও পরিবারকে একটি নিরাপদ আশ্রয় প্রদান করে এবং একই সাথে আমাদের স্টেটে নতুন করে জীবন শুরু করার জন্য প্রয়োজনীয় সমর্থন তাদের প্রদান করার মাধ্যমে আমরা সেই গর্বের ঐতিহ্যকে অব্যাহত রাখছি।"

স্টেট সচিব ওয়াল্টার টি মসলি বলেন, "সহিংসতা এবং নিপীড়ন থেকে পালিয়ে আসা ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ক সবসময় একটি নিরাপদ আশ্রয়। আমাদের উদ্বাস্তু ও অভিবাসী জনগোষ্ঠীর উল্লেখযোগ্য অবদান আমরা অনুধাবন করি, এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) নিউ আমেরিকানস অফিসের (Office for New Americans) মাধ্যমে আমরা আমাদের স্টেটে নতুন জীবনের ক্রান্তিকালে এই ব্যক্তিদের সমর্থন প্রদান করবো ও তাদের উত্থিত করবো। এই 20 মিলিয়ন মার্কিন ডলার এইসব প্রয়াসের অনুবর্তী এবং আজকের চাকরির বাজারে সফল হতে ও সমৃদ্ধি পেতে উদ্বাস্তুদের যেই সরঞ্জাম প্রয়োজন তা প্রদান করতে এই অর্থ তাদের সাহায্য করবে।"

সম্প্রতি পুনর্বাসিত উদ্বাস্তু ও তাদের পরিবারকে মার্কিন যুক্তরাষ্ট্রের জীবনের সাথে মানিয়ে নিতে সাহায্য করার জন্য চাকরি ও ক্রান্তিকালীন সেবা প্রদান করতে পুরো স্টেটের 17টি অলাভজনক উদ্বাস্তু সেবা প্রদানকারীদেরকে অর্থ প্রদান করা হয়েছে, তারা হলো:

নিউ ইয়র্ক সিটি
ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস, আর্কডায়োস অফ নিউ ইয়র্ক - NYC, 802,400 মার্কিন ডলার
ব্রাইটন-ম্যানহাটন বীচ ইনকর্পোরেটেডের YM-YWHA স্টোরফ্রন্ট (Shorefront YM-YWHA of Brighton-Manhattan Beach Inc.), 1,469,300 মার্কিন ডলার
CAMBA Inc., ইনকর্পোরেটেড, 400,000 মার্কিন ডলার
সেন্টার ফর ফ্যামিলি লাইফ ইন সানসেট পার্ক, ইনকর্পোরেটেড (Center for Family Life in Sunset Park Inc.), 548,679 মার্কিন ডলার
এল বেরিওস অপারেশন ফাইট ব্যাক ইনকর্পোরেটেড (El Barrio’s Operation Fight Back Inc.), 410,000 মার্কিন ডলার

লং আইল্যান্ড
ক্যাথলিক চ্যারিটিজ অফ লং আইল্যান্ড, 288,500 মার্কিন ডলার

মধ্য-হাডসন
ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস, আর্কডায়োস অফ নিউ ইয়র্ক - মেট্রো, 333,500 মার্কিন ডলার

রাজধানী অঞ্চল
মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্বাস্তু ও অভিবাসী কমিটি ইনকর্পোরেটেড, 1,784,700 মার্কিন ডলার

অ্যালবানি কাউন্টি অপরচুনিটি, ইনকর্পোরেটেড (Albany County Opportunity Inc.), 342,566 মার্কিন ডলার

সাউদার্ন টিয়ার

আমেরিকান সিভিক অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেড (American Civic Association Inc.), 148,742 মার্কিন ডলার

Western New York

জার্নিস এন্ড রিফিউজি সার্ভিসেস, ইনকর্পোরেটেড (Journey's End Refugee Services Inc.), 2,559,604 মার্কিন ডলার
জিউইশ ফ্যামিলি সার্ভিসেস অফ ওয়েস্টার্ন NY - বাফেলো, 2,724,000 মার্কিন ডলার
জিউইশ ফ্যামিলি সার্ভিসেস অফ ওয়েস্টার্ন NY - নায়াগ্রা, 148,741 মার্কিন ডলার

ফিঙ্গার লেকস

ক্যাথলিক চ্যারিটিজ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি সার্ভিসেস, 1,423,427 মার্কিন ডলার
রচেস্টার সিটি স্কুল ডিস্ট্রিক্ট, 1,000,000 মার্কিন ডলার

Mohawk Valley

দ্য সেন্টার, 1,560,000 মার্কিন ডলার

Central New York

ক্যাথলিক চ্যারিটিজ অফ ওনোন্ডাগা কাউন্টি, 4,055,841মার্কিন ডলার

2022 সালের অক্টোবর থেকে 2023 সালের সেপ্টেম্বর পর্যন্ত সময়ে নিউ ইয়র্ক স্টেট প্রায় 4,200 উদ্বাস্তু বা ব্যক্তিকে বিশেষ অভিবাসন ভিসাতে স্বাগত জানিয়েছে, এবং এই ব্যক্তিদের মধ্যে অধিকাংশই আপস্টেটের সম্প্রদায়সমূহে পুনর্বাসিত হয়েছে। উদ্বাস্তুদের মধ্যে রয়েছে আফগানিস্তানের 991 জন, ডেমোক্রেটিক রিপাবলিক অফ কংগো থেকে 912 জন, সিরিয়া থেকে 717 জন, বার্মা থেকে 541 জন এবং কলাম্বিয়া থেকে 122 জন।

মার্কিন যুক্তরাষ্ট্রে ভ্রমণ করার ক্ষেত্রে উদ্বাস্তুদের সবথেকে বেশি যাচাই ও পরীক্ষা করা হয়ে থাকে। পুনর্বাসনের পূর্বে ইন্টেলিজেন্স এজেন্সিগুলি তাদের বহুসংখ্যক নিরাপত্তা চেক করে, যার মধ্যে রয়েছে বায়োমেট্রিক পরীক্ষা, মেডিকেল স্ক্রিনিং, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের স্বদেশ নিরাপত্তা বিভাগের (U.S. Department of Homeland Security) কর্মকর্তাদের সাতে সশরীরে উপস্থিত থেকে সাক্ষাৎকার।

নিউ আমেরিকান অর্থনীতির (New American Economy) একটি স্টাডি অনুযায়ী, নিউ ইয়র্কে বসবাস করা উদ্বাস্তুরা উপার্জনকারী, করদাতা, এবং ভোক্তা হিসেবে স্টেটের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখে। উদ্বাস্তু গৃহস্থালি প্রতি বছর আনুমানিক 6.2 বিলিয়ন মার্কিন ডলার উপার্জন করে এবং ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর হিসেবে প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

জিউইশ ফ্যামিলি সার্ভিসেস (Jewish Family Services, JFS) অফ ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রধান নির্বাহী কর্মকর্তা মলি কার বলেন, "উদ্বাস্তু প্রাপ্তবয়স্ক ও কমবয়সীরা যে তাদের নতুন সম্প্রদায়ে স্বয়ংসম্পূর্ণতা এবং সম্মিলন অর্জন করার জন্য, বিশেষ করে অর্থপূর্ণ চাকরি নিশ্চিত করা ও ধরে রাখার ক্ষেত্রে অনেক প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা JFS উপলব্ধি করতে পারে। উদ্বাস্তু কেন্দ্রিক ক্যারিয়ার সেবা প্রদান করার মাধ্যমে এবং একটি নতুন দেশে ক্রান্তিকালীন সময়ে সহায়তা করা রজনী ব্যক্তি ও পরিবারকে র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করে এবং চাকরির ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহের সমাধান করার মাধ্যমে আমরা উদ্বাস্তুদেরকে আর্থিক ও ব্যক্তিগত স্থিতিশীলতা অর্জন করার পথে আরো ভালোভাবে নির্দেশিত করতে পারবো।"

আমেরিকান সিভিক অ্যাসোসিয়েশনের (American Civic Association, ACA) নির্বাহী পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হুসেইন অ্যাডামস বলেন, "1939 সাল থেকে বিংহ্যামটনের আমেরিকান সিভিল অ্যাসোসিয়েশন সারা বিশ্ব থেকে নতুন আগতদের গর্বসহকারে অভিবাসন সমর্থন প্রদান করে আসছে। এর অর্থের জন্য গভর্নর হোকলের প্রতি ACA অত্যন্ত কৃতজ্ঞ, কারণ এর কারণে আমরা নতুন আগতদেরকে অর্থনৈতিক বিকাশ, অন্তর্ভুক্তি, এবং স্বয়ংসম্পূর্ণতার ক্ষেত্রে আরো সুযোগ প্রদান করতে পারবো। উদ্বাস্তু পুনর্বাসন ও সংযোজনের মাধ্যমে সাংস্কৃতিক বৈচিত্র্য অর্জন করা যায়, এবং স্থানীয় সম্প্রদায় সমৃদ্ধ ও আরো গতিশীল হয়ে উঠতে পারে। ACA তে আমরা বিশ্বাস করি যে যখন নতুন আমেরিকানরা সমৃদ্ধি করে তখন আমরা সকলেই সমৃদ্ধি করি! নিউ ইয়র্ক স্টেটকে একটি স্বাগত স্টেট করার ক্ষেত্রে আপনার অব্যাহত সমর্থনের জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর হোকল।"

ব্রাইটন-ম্যানহাটন বীচ ইনকর্পোরেটেডের YM-YWHA স্টোরফ্রন্টের (Shorefront YM-YWHA of Brighton-Manhattan Beach Inc.) নির্বাহী পরিচালক সুসান ফক্স বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্রে আগমনের পর যত দ্রুত সম্ভব যোগ্য উদ্বাস্তুদের অর্থনৈতিক এবং সামাজিক স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে সাহায্য করতে একটি উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য নিউ ইয়র্ক স্টেট OTDA এবং আমাদের সহযোগিতামূলক অংশীদারদের সাথে কাজ করতে পেরে YM-YWHA স্টোরফ্রন্ট গর্বিত। প্রকৃতপক্ষে, প্রতিবন্ধকতা সনাক্ত করা ও দূর করা, সফলভাবে চাকরিতে নিযুক্ত করার ব্যবস্থা করা, চাকরি ধরে রাখা, এবং পারিবারিক স্বয়ংসম্পূর্ণতার বিষয়ে RSSP এর নিবিড় মনোযোগ সেই হাজার হাজার উদ্বাস্তুর আশা ও স্বপ্নের প্রতিফলন ও সম্মান উভয় করে থাকে, যাদেরকে আমরা সেবাদান করে থাকি। কঠিন এবং বিপজ্জনক পরিস্থিতি থেকে পালিয়ে আসা, নিউ ইয়র্কে জীবন গঠনে ইচ্ছুক, এবং একই সাথে নিরাপদে বসবাস, নিজ পরিবারকে সমর্থন করা, এবং সমাজে অবদান রাখতে আগ্রহী উদ্বাস্তুদের অসাধারণ প্রয়াস এবং অধ্যবসায় দেখে আমরা প্রতিনিয়ত অনুপ্রাণিত হচ্ছি।"

রচেস্টার সিটি স্কুল জেলার (Rochester City School District, RCSD) প্রাপ্তবয়স্ক এবং ক্যারিয়ার শিক্ষা সেবা অফিসের (Office of Adult and Career Education Services, OACES) নির্বাহী পরিচালক লিয়া টিনকেলম্যান ফেস্টেনস্টাইন বলেন, "RSSP অর্থ পেয়ে আমরা অত্যন্ত সম্মানিত ও কৃতজ্ঞ হয়েছি। এই স্বীকৃতি হলো RCSD OACES এ আমাদের সম্পূর্ণ দলের পরিশ্রম ও নিবেদনের প্রমাণস্বরূপ। এই অর্থের কারণে আমরা একাধিক সেবার মাধ্যমে উদ্বাস্তু পরিবারের অর্থনৈতিক গতিপথে উল্লেখযোগ্য প্রভাব তৈরি করতে পারবো।

আমাদের সম্প্রদায়ের সদস্যদের প্রয়োজনীয় দক্ষতা ও সুযোগ প্রদান করার মাধ্যমে এই পরিবারসমূহকে একটি উজ্জ্বলতর ভবিষ্যৎ গঠনের ক্ষমতা অর্জনের পথ তৈরি করার ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

ক্যাথলিক চ্যারিটিজ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি সার্ভিসেসের (Catholic Charities Family and Community Services, CCFCS) ফ্যামিলি প্রসপারিটি কর্মসূচির (Family Prosperity Programs) ভাইস প্রেসিডেন্ট জিম মরিস বলেন, "এই অর্থ CCFCS এর ইতিমধ্যেই সফল উদ্বাস্তু চাকরি সেবা কর্মসূচিকে আরো অগ্রসর করবে। গ্রেটার রচেস্টার এলাকায় আমাদের 100 এর বেশি কর্মী রয়েছে এবং 2019 সাল থেকে আমরা 370 জন উদ্বাস্তুকে স্থানীয় চাকরিতে স্থাপন করতে পেরেছি। একই সময়কালে, আমাদের এজেন্সির মাধ্যমে চাকরি লাভ করা উদ্বাস্তুদের অর্ধেকের বেশি মানুষ চাকরি পাওয়ার 90 দিনের মধ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পেরেছে।"

অ্যালবানি কমিউনিটি অ্যাকশন পার্টনারশিপের (Albany Community Action Partnership) নির্বাহী পরিচালক নিনাহ এ ব্ল্যান্ড বলেন, "উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচিতে OTDA এর সাথে অংশীদারিত্ব করতে পেরে অ্যালবানি কমিউনিটি অ্যাকশন পার্টনারশিপ আনন্দিত। অর্থনৈতিক স্বাধীনতা অর্জন, আমাদের সম্প্রদায়ের নতুন সদস্যদের যাতে নিজেদের নতুন জীবন গঠনে প্রয়োজনীয় সমর্থন ও সুযোগ থাকে তা নিশ্চিত করার ক্ষেত্রে এই উদ্যোগটি একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সেই সাথে আমাদের প্রয়াস অ্যালবানি কাউন্টির সকল বাসিন্দাদের জন্য আরো বলীয়ান এবং আরো অন্তর্ভুক্তিকর একটি সম্প্রদায় তৈরি করতে সাহায্য করবে।"

ক্যাথলিক চ্যারিটিজ অফ দ্য আর্কডায়োস অফ নিউ ইয়র্কের (Catholic Charities of the Archdiocese of New York) নির্বাহী পরিচালক মনসিনর কেভিন সালিভ্যান বলেন, "নিউ ইয়র্কে নতুন আগতদের, অর্থাৎ উদ্বাস্তু, আশ্রয়প্রাপ্ত ব্যক্তি, মানব পাচারের শিকার, এবং মানবাধিকার প্যারোলের ব্যক্তিদের চাকরি ও সামাজিক সমর্থন সেবা প্রদান করতে নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখতে পেরে ক্যাথলিক চ্যারিটিজ আনন্দিত। নিউ ইয়র্ক সিটি এবং লোয়ার হাডসন ভ্যালিতে আগত ব্যক্তিদের সংযুক্তির জন্য এবং তাদের নতুন বাড়িতে তাদের জীবন পুনর্গঠন করার জন্য সমর্থন প্রয়োজন। নতুন অভিবাসী ও উদ্বাস্তুরা আমাদের সম্প্রদায়সমূহকে পুনর্জীবিত ও বলীয়ান করে।"

দ্য সেন্টারের (The Center) নির্বাহী পরিচালক শেলি কালাহান বলেন, "উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচি হলো ওনিডা কাউন্টির উদ্বাস্তু সম্প্রদায়ের জন্য এবং নিজেদের কর্মীবাহিনী বিকশিত করা বহু চাকরিদাতাদের জন্য অত্যাবশ্যকীয়। দ্য সেন্টার প্রতি বছর হাজার হাজার গ্রাহককে চাকরি পেতে, আমাদের সম্প্রদায়ে সংযুক্ত হতে, এবং RSS কর্মসূচির মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ হতে সাহায্য করে। সম্প্রদায় গঠন এবং অর্থনৈতিক স্থিতিস্থাপকতার জন্য, এবং নিউ ইয়র্ক স্টেটকে নিজ বাড়ি বানাতে যাওয়া হাজার হাজার উদ্বাস্তুকে স্বাগত জানানোর এই গুরুত্বপূর্ণ কর্মসূচিকে সমর্থন করার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট এবং গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

সেন্টার ফর ফ্যামিলি লাইফ ইন সানসেট পার্কের (Center for Family Life In Sunset Park) সহ নির্বাহী পরিচালক জুলিয়া জন-ফ্যাঙ্কোয়িস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী অক্ষমতা সহায়তা অফিসের বাস্তবায়িত নিউ ইয়র্ক স্টেট উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পেরে সেন্টার ফর ফ্যামিলি লাইফ ইন সানসেট পার্ক অত্যন্ত গর্বিত। ব্রুকলিনে উদ্বাস্তু এবং তাদের পরিবারকে চাকরি সেবা এবং সেই সাথে র‍্যাপঅ্যারাউন্ড সামাজিক সব সমর্থন প্রদান করার ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমাদের প্রাণবন্ত সম্প্রদায়ে আমাদের সবথেকে নতুন নিউ ইয়র্কবাসীদের কয়েকজনকে স্বাগত জানাতে পেরে আমরা অতি আনন্দিত। উদ্বাস্তুরা আমাদের সিটিতে তাদের উজ্জ্বল ভবিষ্যতের সংকল্প, চেতনা, আশা এবং স্বপ্ন নিয়ে আসে এবং একটি বলীয়ান ও স্থিতিস্থাপক নিউ ইয়র্ক তৈরিতে উদ্বাস্তু ও তাদের পরিবারকে আমরা প্রতিদিন অবদান রাখতে দেখছি।"

ক্যাথলিক চ্যারিটিজ অফ ওনোন্ডাগা কাউন্টির (Catholic Charities of Onondaga County) নির্বাহী পরিচালক মাইকেল মেলারা বলেন, "এই তহবিল লাভ করে আমরা সম্মানিত হয়েছি। উদ্বাস্তুরা যখন নিজেদের জীবনের পুনর্গঠন করছে তখন তাদের সমর্থন করতে এবং একটি স্বাগত সংস্কৃতির পালন করতে গভর্নর হোকলের নিবেদনের একটি প্রমাণ এটি।"

CAMBA, ইনকর্পোরেটেডের (CAMBA, Inc.) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী পরিচালক ভ্যালারি বার্টন-রিচার্ডসন বলেন, "এই তহবিল লাভ করা একটি অলাভজনক সংগঠন হিসেবে, উদ্বাস্তুদের সেবাদান করতে CAMBA নিবেদিত, এবং এই দুর্বল জনগোষ্ঠীকে সমর্থন করার জন্য পুরো স্টেটের 17টি সেবাদানকারীর একটি হিসেবে তহবিল পেয়ে আমরা গর্বিত। উদ্বাস্তুরা নিউ ইয়র্ক স্টেটে সাংস্কৃতিক ও অর্থনৈতিক উভয় ক্ষেত্রে ব্যাপক মূল্য নিয়ে আসে, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের জীবনের সাথে মানিয়ে নিতে তাদের সাহায্য করার ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এই তহবিলের কারণে আমরা প্রত্যক্ষভাবে চাকরিতে স্থাপন এবং সমর্থন বহাল রাখার মতো অত্যাবশ্যকীয় সেবা প্রদান করা অব্যাহত রাখতে পারবো যার ফলে স্বয়ংসম্পূর্ণতা অর্জিত হবে। এই সেবাগুলি উদ্বাস্তুদেরকে তাদের নতুন সম্প্রদায়ে সফল জীবন গঠন করতে সাহায্য করবে।"

ক্যাথলিক চ্যারিটিজ অফ লং আইল্যান্ডের (Catholic Charities of Long Island) প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল স্মিথ বলেন, "ক্যাথলিক চ্যারিটিজ অফ লং আইল্যান্ডে আমাদের আস্থা আমাদেরকে অভাবী সকলের সেবাদান করতে অনুপ্রেরণা প্রদান করে এবং আমরা বিশ্বাস করি সকল ব্যক্তি ঈশ্বরের সন্তান যাদের সম্মান ও মর্যাদা প্রাপ্য। উদ্বাস্তু সমর্থন সেবা কর্মসূচি যোগ্য ব্যক্তি ও পরিবারকে আমাদের সম্প্রদায়ে সমৃদ্ধি করতে সাহায্য করে। এই কার্যকর সহযোগিতা চাকরির প্রশিক্ষণ ও সেবার সংযোজন প্রদান করে যা স্বয়ংসম্পূর্ণতা নিয়ে আসে এবং একই সাথে স্বাস্থ্যের সামাজিক নির্ণায়ক উন্নত করে। স্থানীয়ভাবে এবং পুরো নিউ ইয়র্ক সত্যি সফল ফলাফল অর্জন করার এই প্রয়াসে অংশগ্রহণ করতে পেরে আমরা গর্বিত।"

###

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন